

# ঢাবিতে নৌকায় ভোট চাইলেন শিক্ষামন্ত্রী

ঢাবি প্রতিবেদক

১৪ অক্টোবর ২০২৩, ০২:১৮ পিএম



ঢাবির ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) অডিটোরিয়ামে শামসুন্নাহার হল সুবর্ণ জয়ন্তীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ‘আমরা চাই না দেশে একসঙ্গে ৫০০ বোমা পড়ুক। আমরা চাই দেশে শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের গতি অব্যাহত থাকবে। তাই আমাদের সিদ্ধান্ত নিতে হবে। ভোটটা দিতে হবে নৌকায়। আমাদের ভালোর জন্য। আমাদের পরবর্তী প্রজন্মের ভালোর জন্য।’

আজ শনিবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) অডিটোরিয়ামে শামসুন্নাহার হল সুবর্ণ জয়ন্তী উৎসবে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানের উদ্বোধন করেন। শামসুন্নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এই সুবর্ণজয়ন্তী উৎসবের আয়োজন করে।

মন্ত্রী বলেন, ‘আমরা চাই না দেশের প্রথিতযশা ব্যক্তিদের বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা দিয়ে তাদেরকে ছোট করা হোক। আমরা শেখ হাসিনার নেতৃত্বে দেশের অগ্রযাত্রা অব্যাহত রাখতে চাই। যেন আমাদের সন্তানদের ভবিষ্যৎ আরও সুন্দর হয়। আমাদের সন্তানদের আরও সুন্দর ভবিষ্যতের জন্য নৌকায় ভোটটা দিতে হবে।’

শিক্ষামন্ত্রী আরও বলেন, ‘যেসব দেশ আমাদের ওপর চোখ রাঙায় হিসাব করলে দেখবেন আইনের শাসন থেকে শুরু সব জায়গায় আমরা তাদের চেয়ে ভালো অবস্থানে আছি। আমরা আরও ভালো জায়গায় যেতে চাই। আরও ভালো জায়গায় যেতে হলে আমাদের সিদ্ধান্ত নিতে হবে ভালোভাবে। আমাদের সিদ্ধান্তের ওপর নির্ভর করবে আমার আপনার সন্তানের ভবিষ্যৎ। আমরা কোন সিদ্ধান্ত নেব? উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত থাকবে আমরা কি সেটা চাই নাকি এর সব কিছু থেমে যাবে তা চাই। আমাদের সন্তানেরা পড়াশোনা করবে গবেষণা করবে সেটা চাই নাকি গবেষণা পড়াশোনার দরকার নাই ক্লাস এইট পর্যন্ত পাশ করে নানা রকম ধান্ডা করে বেড়াবে সেটা চাই। আমাদের সিদ্ধান্ত নিতে হবে যে, আমরা কি একদিনে ১০০ সেতু উদ্বোধন চাই নাকি একদিনে ৫০০ বোমা হামলা চাই। আমি বিশ্বাস করি আপনারা সঠিক সিদ্ধান্ত নিবেন নিজের জন্য; পরবর্তী প্রজন্মের জন্য।’

শামসুন্নাহার হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি আভা দত্তের সভাপতিত্বে সুবর্ণজয়ন্তী উৎসবে উপস্থিত ছিলেন শামসুন্নাহার হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. লাফিফা জামাল ও হল অ্যাসোসিয়েশনের সদস্যরা। অনুষ্ঠানে শামসুন্নাহার হলের ১২ শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়। প্রতিবছর অ্যালামনাই হলের ১২ শিক্ষার্থীকে বৃত্তি দিবে বলে ঘোষণা দেয় শামসুন্নাহার হল অ্যালামনাই।